এই সংস্থাটি বৈষম্য ছাড়াই প্রতিবন্ধী ব্যক্তিদের নিযুক্ত করে এবং তাদের সেবা প্রদান করে।

# নিউ ইয়র্ক স্টেট
# ওয়ার্কার্স কম্পেনসেশন বোর্ড

## অমীমাংসিত সমস্যার বিবৃতি - দ্রুত শুনানির জন্য বিশেষ অংশ

| WCB কেস নম্বর(সমূহ) | দুর্ঘটনার তারিখ(সমূহ) | দাবিদার (অনুগ্রহ করে স্পষ্টাক্ষরে লিখুন) |
|---|---|---|
| | | |

| ক্যারিয়ার কেস নম্বর(সমূহ) | ক্যারিয়ার কোড | ক্যারিয়ার (অনুগ্রহ করে স্পষ্টাক্ষরে লিখুন) |
|---|---|---|
| | | |

| নিয়োগকর্তা (অনুগ্রহ করে স্পষ্টাক্ষরে লিখুন) | সংশ্লিষ্ট অন্যান্য পক্ষ (অনুগ্রহ করে স্পষ্টাক্ষরে লিখুন) |
|---|---|
| | |

**নির্দেশাবলী:** এই ফরমটি পূরণ করুন ও বোর্ডের কাছে জমা দিন এবং দ্রুত শুনানির জন্য মামলাটি বিশেষ অংশে স্থানান্তর করার আদেশ দেওয়ার 20 দিনের মধ্যে সংযুক্ত সকল পক্ষের নিকট প্রেরণ করুন।

এই মামলায় অমীমাংসিত সমস্যাগুলি নিম্নরূপ:

-
-
-
-
-
-
-

একটিতে টিক দিন:

☐ একজন WC আইন বিচারকের সামনে শুনানির জন্য আমি প্রস্তুত।

☐ একজন WC আইন বিচারকের সামনে শুনানির জন্য আমি প্রস্তুত নই। আরো কী ধরনের তদন্তের প্রয়োজন এবং কেন এই ধরনের তদন্ত এখনো সমাপ্ত হয়নি সে সংক্রান্ত বিবরণ নিম্নরূপ।

-
-
-
-
-
-
-

| পক্ষ (অনুগ্রহ করে স্পষ্টাক্ষরে লিখুন) | স্বাক্ষর | তারিখ |
|---|---|---|



**অপর পৃষ্ঠায় গুরুত্বপূর্ণ তথ্য দেখুন**

দ্রুত শুনানির জন্য ধারা 300.34 এর বিশেষ অংশ।

এই নিয়মটি শ্রমিক ক্ষতিপূরণ আইনের ধারা 25 এর উপবিভাগ 3 এর অনুচ্ছেদ (d) এর শর্তানুসারে বিশেষ অংশের বিষয়ে দ্রুত শুনানির জন্য জারি করা হয়েছে ঐ মামলাগুলোর জন্য যেগুলোর সমস্যাসমূহ বোর্ডের সামনে উত্থাপিত হওয়ার দুই বছরের মধ্যে সমাধান করা হয়নি অথবা যদি একই দুর্ঘটনা বা ঘটনা থেকে একাধিক দাবি উত্থাপিত হয় বা যদি সকল পক্ষ দ্রুত শুনানির জন্য সম্মত হয় বা সভাপতি যদি অন্যথায় এটি প্রয়োজনীয় বলে মনে করেন।

(a) বোর্ডের সামনে এ ধরনের সমস্যা উত্থাপনের পরও দুই বছরের মধ্যে যদি কোনো সমাধান না হয় বা যদি একই দুর্ঘটনা বা ঘটনা থেকে একাধিক দাবি ওঠে বা যদি সকল পক্ষ দ্রুত শুনানির জন্য সম্মত হয় বা যদি সভাপতি অন্য কোনো কারণে এটি প্রয়োজনীয় মনে করে তাহলে সভাপতি বা সভাপতির মনোনীত একজন প্রতিনিধি, তার নিজস্ব গতিতে বা যেকোনো পক্ষের ভিত্তিতে দ্রুত শুনানির জন্য মামলাটিকে একটি বিশেষ অংশে স্থানান্তর করার আদেশ দিতে পারেন। এই বিশেষ অংশে স্থানান্তরিত কেসগুলো এই অংশে নিযুক্ত শ্রমিক ক্ষতিপূরণ আইনের বিচারকের দ্বারা শুনানি পরিচালিত হবে।

(b) আগ্রহী প্রতিটি পক্ষ, স্থানান্তরের আদেশ হওয়ার 20 দিনের মধ্যে, সকল অমীমাংসিত সমস্যার একটি সংক্ষিপ্ত বিবৃতি এবং হয় একটি বিবৃতি যে এই জাতীয় পক্ষ শ্রমিক ক্ষতিপূরণ আইনের বিচারকের সামনে শুনানির জন্য প্রস্তুত অথবা আরো কী ধরনের তদন্তের প্রয়োজন রয়েছে ও কেন এই ধরনের তদন্ত শেষ হয়নি তার বিস্তারিত বিবৃতি বোর্ডের কাছে দাখিল করবে এবং আগ্রহী অন্য সকল পক্ষকে প্রদান করবে।

(c) দ্রুত শুনানির জন্য বিশেষ অংশের শুনানি:

(1) এই অংশে নিযুক্ত শ্রমিক ক্ষতিপূরণ আইনের বিচারকের দ্বারা পরিচালিত হবে;

(2) এমনভাবে নির্ধারিত হবে যাতে সম্ভব হলে যেকোনো এবং সমস্ত অমীমাংসিত সমস্যা এক শুনানিতেই সমাধান করা যায় এবং

(3) যদি বাস্তবসম্মত হয় তাহলে ডিস্ট্রিক্ট অফিস যেখানে কেসের ফাইলটি সংরক্ষিত ও রক্ষণাবেক্ষণ করা হয় সেখানে অনুষ্ঠিত হবে এবং

(4) স্থানান্তর আদেশের 30 দিনের মধ্যে নির্ধারণ করা হবে।

(d) প্রত্যেক অ্যাটর্নি, লাইসেন্সপ্রাপ্ত প্রতিনিধি অথবা ক্যারিয়ার বা নিজস্ব-বিমাকৃত নিয়োগকর্তার অনুমোদিত প্রতিনিধি যারা দ্রুত শুনানির জন্য বিশেষ অংশের কার্যধারায় উপস্থিত হবেন তারা মামলার তথ্য, দাখিল বা দায়ের করা নথি এবং প্রযোজ্য আইনের বিষয়ে অবগত হবেন এবং এই অংশের ধারা 300.5 ও 300.36 এর বিধান অনুযায়ী পূর্বে উত্থাপিত যেকোনো সমস্যা সীমিত করার ক্ষমতাসহ যেকোনো এবং সমস্ত অমীমাংসিত সমস্যার বিষয়ে আলোচনা ও নিষ্পত্তি করার ক্ষমতা থাকবে।

(e) জরুরি অবস্থা ব্যতীত, দ্রুত শুনানির জন্য বিশেষ অংশের ট্রায়াল ক্যালেন্ডারে রাখা কোনো মামলা শ্রমিক ক্ষতিপূরণ আইনের বিচারকের অনুমোদন ছাড়া স্থগিত বা অব্যাহত রাখা হবে না। মামলা স্থগিত বা অব্যাহত রাখার জন্য যেকোনো পক্ষ শ্রমিক ক্ষতিপূরণ আইনের বিচারকের কাছে এই ধরনের স্থগিত বা অব্যাহত রাখার কারণ উল্লেখ করে একটি লিখিত আবেদন দাখিল করবে। শ্রমিক ক্ষতিপূরণ আইনের বিচারক দ্বারা যদি মামলাটি স্থগিত বা অব্যাহত রাখার সিদ্ধান্ত অনুমোদিত হয় তাহলে মামলাটি যত তাড়াতাড়ি সম্ভব পুনঃনির্ধারণ করা হবে তবে এই ধরনের স্থগিত বা অব্যাহত রাখার বিষয়টি 30 দিনের বেশি হবে না। যদি স্থগিত বা অব্যাহত রাখার সিদ্ধান্ত প্রত্যাখ্যান করা হয় সেক্ষেত্রে মামলাটি রেকর্ডে যেমনটি আছে সে অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে।

(f) স্থগিত বা অব্যাহত রাখার অনুরোধ পর্যালোচনা করার পরে শ্রমিক ক্ষতিপূরণ আইনের বিচারক যদি মনে করেন যে স্থগিত বা অব্যাহত রাখার অনুরোধটি জরুরি নয় বরং অহেতুক, তাহলে নিম্নরূপ একটি জরিমানা আরোপ করা হবে:

(1) যদি একজন ক্যারিয়ার বা নিয়োগকর্তা অনুরোধটি করে থাকে সেক্ষেত্রে বোর্ডকে $1,000 দিতে হবে। যদি এই ধরনের ক্যারিয়ার বা নিয়োগকর্তা একজন অ্যাটর্নি বা লাইসেন্সপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে প্রতিনিধিত্ব করে থাকেন যিনি ক্যারিয়ার বা নিয়োগকর্তার কর্মচারী নন, তাহলে অ্যাটর্নি বা লাইসেন্সপ্রাপ্ত প্রতিনিধি এই ধরনের জরিমানা প্রদানের জন্য দায়বদ্ধ থাকবেন।

(2) যদি একজন দাবিকারী অ্যাটর্নি বা লাইসেন্সপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে অনুরোধটি করে থাকে সেক্ষেত্রে বোর্ডকে $500 দিতে হবে। এই ধরনের জরিমানা সরাসরি অ্যাটর্নি বা লাইসেন্সপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে প্রদান করা হবে এবং তা দাবিকারীর পুরস্কার বহির্ভূত নয়।

(3) মামলা স্থগিত বা অব্যাহত রাখার অনুরোধকারী প্রতিনিধিত্বহীন দাবিকারীর উপর কোনো জরিমানা আরোপ করা হবে না।

(g) দ্রুত শুনানির জন্য বিশেষ অংশে শ্রমিক ক্ষতিপূরণ আইনের বিচারক কর্তৃক প্রণীত আদেশ বা নির্দেশ মতে, শ্রমিকদের ক্ষতিপূরণ আইনের ধারা 25 এর উপবিভাগ 3 এর অনুচ্ছেদ (d) এবং এই ধারা অনুযায়ী, দুর্ঘটনা বা পেশাগত রোগ, নোটিশ এবং কার্যগত সম্পর্ক বা যেকোনো আর্থিক পুরস্কারের সংকল্প ব্যতীত সিদ্ধান্তের সমাপ্তি এবং সমস্ত অমীমাংসিত সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত শ্রমিকদের ক্ষতিপূরণ আইনের ধারা 23 এর অধীনে বোর্ড কর্তৃক আলোচনাযোগ্য ও পর্যালোচনাযোগ্য হবে না।

(h) সংশোধন অনুযায়ী এই বিভাগটি 1 জানুয়ারি, 1997 তারিখ থেকে কার্যকর এবং এই তারিখের পর থেকে দায়ের করা সমস্ত নতুন দাবির ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে।